**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 28-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35AM** **News Editor : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী, খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবর –

১) কসবার সাউথ ক্যালকাটা ল’-কলেজের ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করেছে বিজেপি। প্রশাসনিক ব্যর্থতার অভিযোগ অন্যান্য বিরোধী রাজনৈতিক দলেরও।

২) কর্মীদের বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর শীর্ষ আদালতের নির্দেশ পালনের জন্য আরও ৬ মাস সময় চেয়ে সুপ্রিম কোর্টে দায়ের হয়েছে স্পেশাল লিভ পিটিশন।

# আদালত অবমাননার মামলা দাখিল করতে চলেছে সংগ্রামী যৌথ মঞ্চ।

৩/ নদীয়ার মলান্দি গ্রামে তামান্না খাতুনের মৃত্যুর ঘটনায় ধৃত আরো এক।

৪/ দীর্ঘ প্রতীক্ষার পর পুরুলিয়া-বাঁকুড়া-হাওড়া ভায়া মসাগ্রাম রুটে MEMU ট্রেন পরিষেবা আজ থেকে শুরু হচ্ছে।

৫/ চলতি বর্ষার মরসুমে রাজ্যেও এখনো পর্যন্ত স্বাভাবিকের থেকে কিছুটা বেশি বৃষ্টি হয়েছে।

*************************************************************************

ল'কলেজে গণধর্ষণ-এর প্রতিবাদে কসবা থানার সামনে গতকাল গভীর রাত পর্যন্ত বিভিন্ন বিরোধী রাজনৈতিক দলগুলি বিক্ষোভ প্রদর্শন করে। আজ'ও একাধিক দল প্রতিবাদ কর্মসূচীর ডাক দিয়েছে। কংগ্রেস ও SFI আজ রাজ্য জুড়ে বিক্ষোভে সামিল হবে বলে জানায়। বামফ্রন্ট আজ সন্ধ্যে ৬'টায় বিজন সেতুতে জমায়েত করে কসবা থানা পর্যন্ত মিছিল করবে।

গত সন্ধ্যায় পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যান, কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা। তার আগে অকুস্থল ঘুরে দেখেন অতিরিক্ত কমিশনার সন্তোষ পাণ্ডে এবং ডিসি সাউথ বিদিশা কলিতা। বেশ কয়েকজনের বয়ান ইতিমধ্যেই নথিভুক্ত করা হয়েছিল। ফরেন্সিক দল'ও ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, মেডিক্যাল টেস্টের প্রাথমিক রিপোর্টে গণধর্ষণ-এর ইঙ্গিত মিলেছে। আজ নির্যাতিতার ফরেন্সিক পরীক্ষা হতে পারে।

আগেই জানানো হয়েছে, গত বুধবার সন্ধ্যে সাড়ে সাতটা থেকে রাত ১০ টা ৫০ মিনিট পর্যন্ত ইউনিয়ান রুমে নিয়ে গিয়ে ধৃত প্রাক্তন পড়ুয়া TMCP নেতা মনোজিত মিশ্র, তাঁর ওপর অকথ্য অত্যাচার চালায় বলে, নির্যাতিতা অভিযোগ পত্রে জানিয়েছেন। আরো দুই বর্তমান পড়ুয়া প্রমিত মুখোপাধ্যায় এবং জায়েব আহমেদ, ঘটনাস্থলে উপস্থিত ছিল। কুপ্রস্তাবে রাজী না হওয়াতেই তাঁকে গণধর্ষণের শিকার হতে হয়েছে বলে ওই তরুণী জানিয়েছেন।

ঘটনার পর থানায় অভিযোগ দায়ের হলে তিনজনকেই গ্রেপ্তার করা হয়। আলিপুর আদালত ধৃতদের চার দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে। আইনের ছাত্রী হয়েও নির্যাতিতা হওয়ায় নিজের জন্য বিচার প্রার্থনা করেন তিনি।

***********************

এদিকে, ইতোমধ্যেই গণধর্ষণের ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে রিপোর্ট তলব করেছে জাতীয় মহিলা কমিশন। এক্ষেত্রে কি পদক্ষেপ করা হচ্ছে, তা তিনদিনের মধ্যে বিস্তারিতভাবে

রিপোর্ট আকারে জমা দিতে হবে। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার এব্যাপারে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মাকে চিঠি লিখে উদ্বেগ প্রকাশ করেছেন।

অন্যদিকে, ঘটনা প্রকাশ্যে আসার পরই শুরু হয়েছে রাজনৈতিক চাপান-উতোর।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনায় প্রশাসনের ব্যর্থতাকে দায়ী করে মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবী করেন। বিজেপি নেতা ইন্দ্রনীল খাঁ গতসন্ধ্যায় কসবা থানা ঘেরাও কর্মসূচীতে যোগ দেন। বিক্ষোভরত যুব মোর্চার কার্যকর্তাদের পুলিশ গ্রেপ্তার করে। সাংবাদিকদের তিনি বলেন, নানা দুর্নীতিতে এই রাজ্য জেরবার হয়ে রয়েছে। মেয়েদের বাংলায় কোনো নিরাপত্তা নেই বলে অভিযোগ করেন তিনি।

( বাইট- ইন্দ্রনীল খাঁ )

আইন কলেজের ভেতর এক ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় রাজ্যের প্রশাসনিক অবস্থা বেআব্রু হয়েছে বলে মন্তব্য করেছেন CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। তিনি বলেন, দীর্ঘদিন ধরে ছাত্র সংসদ নির্বাচন বন্ধ রেখে তৃণমূল কংগ্রেস কলেজগুলিকে দুর্নীতির আখড়া করে তুলেছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, রাজ্যের আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে বলে জানিয়ে, কিভাবে ল' কলেজের কোনো প্রাক্তনী সেখানে এত বেশী ক্ষমতা বিস্তার করলো, তা' নিয়ে প্রশ্ন তোলেন।

( বাইট- শুভঙ্কর )

অন্যদিকে তৃণমূল কংগ্রেস'ও ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে। শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু একে এক ভয়ঙ্কর ঘটনা বলে উল্লেখ করে অবিলম্বে পরিচালন পরিষদের বৈঠক ডাকার নির্দেশ দিয়েছেন। মন্ত্রী শশী পাঁজা বলেন, দল সবরকম পরিস্থিতিতে মেয়েটির পাশে রয়েছে।

( বাইট- শশী )

***********************

সরকারী কর্মীদের বকেয়া ২৫ শতাংশ ডিএ মেটানোর জন্য শীর্ষ আদালতের নির্দেশ পালনের ক্ষেত্রে অন্ততঃ আরও ছ'মাস সময় চেয়েছে রাজ্য। বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে গতকাল 'স্পেশাল লিভ পিটিশন' দায়ের করেছে সরকার। আবেদনে জানানো হয়েছে, বর্তমানে রাজ্য আর্থিক সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে। তাই বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর জন্য আরও সময়ের প্রয়োজন। সুপ্রিম কোর্টের অন্তর্বর্তী নির্দেশ পুনর্বিবেচনারও আর্জি জানিয়েছে রাজ্য। পাশাপাশি আরো জানানো হয়েছে, 'পে কমিশনে'র সুপারিশ মানতেও রাজ্য সরকার বাধ্য নয়। কর্মচারীদের কত শতাংশ মহার্ঘ ভাতা তারা দেবে সে বিষয়ে রাজ্য সরকার নিজেই সিদ্ধান্ত নিতে পারে।

এর আগে DA মামলায় রাজ্যের মুখ্যসচিব এবং অর্থসচিবকে আইনি নোটিস পাঠায় সরকারি কর্মচারীদের সংগঠন 'কনফেডারেশন অফ স্টেট গভর্মেন্ট এমপ্লয়িজ'। বকেয়া ২৫ শতাংশ ডিএ না দিয়ে রাজ্য সরকার নিজেদের আর্থিক সীমাবদ্ধতার অজুহাতে যেভাবে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে, রাজ্য সরকারি কর্মচারী এবং শিক্ষক সংগঠনগুলি তার তীব্র প্রতিবাদ জানিয়েছে। রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী বলেন, রাজ্যের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ রূপায়ণ করছেন রাজ্য সরকারি কর্মচারীরা। অথচ রাজ্য সরকার সেই কর্মচারীদের বঞ্চনা করছে। বকেয়া মহার্ঘ ভাতার দাবিতে আগামী চৌঠা জুলাই দু ঘণ্টা 'পেন ডাউন' কর্মসূচির ডাক দেওয়া হয়েছে বলে তিনি জানান।

************************

বকেয়া মহার্ঘ ভাতার পঁচিশ শতাংশ মেটানো নিয়ে সুপ্রিম কোর্ট ৬ সপ্তাহ সময় বেঁধে দিলেও তা কার্যকর না করায় সরকারি কর্মচারীদের যৌথ সংগঠন, সংগ্রামী যৌথ মঞ্চ রাজ্য সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার মামলা দাখিল করবে বলে জানিয়েছে। সংগঠনের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, আদালতের নির্দেশ দ্রুত কার্যকর করার জন্যে সংগঠনের তরফে মুখ্য সচিব ও অর্থ সচিবকে আদালত অবমাননার নোটিশ দেওয়া হবে। অন্তর্বর্তী নির্দেশের চার সপ্তাহের মধ্যে রাজ্য কেন তাদের বক্তব্য জানালো না সেই প্রশ্নও তোলা হয়েছে।

************************

কেন্দ্র ১৯৭৫ সালের পঁচিশে জুন জরুরী অবস্থা ঘোষণাকে সংবিধান হত্যা দিবস হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষে আগামী ৩০ শে জুন পর্যন্ত বিশেষ কর্মসূচি নিয়েছে সরকার। বিষয়টি নিয়ে আকাশবাণী কলকাতা সংবাদ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনদের মতামত নিয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার ও অধ্যাপক রাজাগোপাল ধর চক্রবর্তী বলেন, ভারতের সংবিধান মত প্রকাশের স্বাধীনতা দেয়। কিন্তু একুশ মাসের জরুরী অবস্থার সময়ে সরকার মানুষের সেই মৌলিক অধিকার কেড়ে নেয়।

( বাইট- রাজাগোপাল )

************************

নদীয়ার কালিগঞ্জের মলান্দি গ্রামে বিজয় মিছিল থেকে ছোঁড়া বোমার আঘাতে মৃত তামান্না খাতুনের বাড়িতে গিয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল পরিবারের সঙ্গে কথা বলেন। তমন্নার মা সাবিনা ইয়াসমিন ঘটনার কথা তাঁর কাছে সবিস্তারে তুলে ধরেছেন। শ্রী মজুমদার জানান, পুলিশের কাজ আইনশৃঙ্খলা রক্ষা করা হলেও, তা' তারা সঠিকভাবে পালন করছে না। দোষীদের উপযুক্ত শাস্তির জন্য যেকোনো আইনি সহায়তা তারা দেবেন বলে জানান।

এদিকে, ওই ঘটনায় গতকাল নবাব শেখ নামে আরো এক অভিযুক্তকে পুলিশ গ্রেপ্তার করেছে। এই নিয়ে ধৃতের সংখ্যা বেড়ে হল ছয়। ধৃত নবাবের বাবা মনোয়ার শেখকে গত মঙ্গলবার'ই গ্রেপ্তার করা হয়। নবাবকে আজ কৃষ্ণনগর জেলা আদালতে পেশ করে পুলিশ হেফাজতে নেওয়ার আবেদন জানানো হবে।

************************

দীর্ঘ প্রতীক্ষার পর পুরুলিয়া - বাঁকুড়া - হাওড়া ভায়া মসাগ্রাম রুটে MEMU ট্রেন পরিষেবা আজ থেকে শুরু হচ্ছে। রেল , তথ্য ও সম্প্রচার ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ সাঁতরাগাছি স্টেশনে দূর নিয়ন্ত্রিত ব্যবস্থার মাধ্যমে এই ট্রেনের যাত্রার সূচনা করবেন। যদিও নিয়মিতভাবে আগামী ৩০ জুন পুরুলিয়া থেকে পরিষেবা শুরু হবে। দক্ষিণ পূর্ব রেল সূত্রের খবর, ওই দিন ভোর চারটেয় পুরুলিয়া থেকে যাত্রা শুরু করে ট্রেনটি সকাল ১১ টা ৪০ মিনিটে হাওড়ায় পৌঁছাবে। অন্যদিকে, ফিরতি পথে

হাওড়া থেকে বিকেল ৪ টে ১৫ মিনিটে ছেড়ে পুরুলিয়া পৌঁছাবে ওই দিন রাত ১১ টা ৫৫ মিনিটে ।

************************

চলতি বর্ষার মরসুমে রাজ্যেও এখনো পর্যন্ত স্বাভাবিকের থেকে কিছুটা বেশি বৃষ্টি হয়েছে। উত্তরবঙ্গে স্বাভাবিকের তুলনায় এখনো পর্যন্ত বৃষ্টি কম থাকলেও দক্ষিণবঙ্গে তা বেশি রয়েছে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ হাবিবুর রহমান বিশ্বাস।

( বাইট- হাবিবুর রহমান )

উল্লেখ্য, ভারতের আবহাওয়া দপ্তর আগেই জানিয়েছিল এ বছর বর্ষায় স্বাভাবিকের থেকে বৃষ্টি বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে। বিগত বছরে এই সময়ে বৃষ্টির পরিমাণ স্বাভাবিকের থেকে কম ছিল।

************************

পশ্চিম মেদিনীপুর জেলার দাসপুরের ডিহিপলসা এলাকায় গতরাতে রথযাত্রা উৎসব দেখে বাড়ি ফেরার পথে দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষে দুজন আরোহীর মৃত্যু হয়েছে। আহত আরও দুজন।

*********************************************************************